GARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948



B.A./4th Sem (H)/BEN/24(CBCS)

# 2024

## 4th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 9-T

### (কাব্য পাঠ)

### [CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। ‘বীরাঙ্গনা’ কাব্যে মোট কতগুলি সম্পূর্ণ পত্রিকা স্থানলাভ করেছে? প্রথম ও শেষ সম্পূর্ণ পত্রিকার নাম উল্লেখ করো। ১+১

২। বীরাঙ্গনা কাব্যে প্রকাশিত নবজাগরণের যে কোনো দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো। ২

৩। ‘উড়ে প্রাণ, পোড়া কথা পড়ে যবে মনে!

কি পাপে লিখিলা বিধি এ যাতনা ভালে?’ — কোন্ পত্রিকা থেকে উদ্ধৃতিটি সংকলিত হয়েছে? ‘পোড়া কথা’টি কী?

৪। ‘জীবনের আশা, হায়, কে ত্যজে সহজে।’ —

উদ্ধৃতিটি বিশ্লেষণ করো।

৫। ‘লিখিলা বিধাতা যাহা, ফলিল তা কালে!’ —

বক্তা কে? অংশটির মধ্যদিয়ে বক্তার কোন্ মনোভাবের প্রতিফলন ঘটেছে? ১+১

৬। ‘বলাকা’ কী জাতীয় কাব্য? এই কাব্যের উপর কোন্ বিদেশী দার্শনিকের কোন্ তত্ত্বের প্রভাব আছে? ১+১

৭। ‘বলাকা’ শব্দের অর্থ কী? সরাসরি বলাকার প্রসঙ্গ আলোচ্য কাব্যের কততম কবিতায় স্থান পেয়েছে? ১+১

৮। ‘বলাকা’ কাব্যের ১ সংখ্যক ‘সবুজের অভিযান’ কবিতায় যৌবনকে যে সকল বিশেষণে বিশেষিত করা হয়েছে তার পরিচয় দাও। ২

৯। ‘তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ’ — কোন্ কবিতার অংশ? কবিতাটির পূর্ব নাম কী ছিল? ১+১

১০। ‘সর্বনাশা প্রেম তার, নিত্য তাই তুমি ঘরছাড়া’ — এখানে কার প্রেমের কথা বলা হয়েছে? তার প্রেম ‘সর্বনাশা’ কেন? ১+১

১১। ‘বনলতা সেন’ কাব্যের প্রথম ও শেষ কবিতার নাম লেখো।

১২। ‘বনলতা সেন’ কাব্যের অধিকাংশ কবিতা কোন্ কালপর্বে রচিত? এই কাব্যের নাম কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? ১+১

১৩। 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!' —

কোন্ কবিতার অংশ? কবিতাটির উপর কোন্ পাশ্চাত্য কবির কোন্ কবিতার প্রভাব রয়েছে? $১+\frac{১}{২}+\frac{১}{২}$

১৪। 'দেখিলাম দেহ তার বিমর্ষ পাখির রঙে ভরা', —

'তার' বলতে এখানে কার কথা বলা হয়েছে? 'বিমর্ষ পাখির রঙ' কীসের প্রতীক? ১+১

১৫। 'বনলতা সেন' কাব্যে ইতিহাসের অনুষঙ্গ আছে এমন দুটি কবিতার নাম লেখো। ১+১

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'দশরথের প্রতি কেকয়ী' পত্রিকা অবলম্বনে কেকয়ীর প্রতিবাদিনী — নারী সত্তার পরিচয় দাও।

১৭। 'লক্ষণের প্রতি শূর্পণখা পত্রিকায় শূর্পণখার বক্তব্যে তার ঐশ্বর্যময়, জীবন চিত্রের যে পরিচয় প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

১৮। পাঠ্যকবিতা অবলম্বনে 'বলাকা' কাব্যে প্রকাশিত রবীন্দ্রনাথের গতিবাদী ভাবনার পরিচয় দাও।

১৯। জড় প্রতিকৃতি কীভাবে কবির চেতনায় সজীব ও বর্ণময় হয়ে উঠেছে তা 'বলাকা' কাব্যের 'ছবি' (৬ সংখ্যক) কবিতা অবলম্বনে আলোচনা করো।

P.T.O.

২০। 'বনলতা সেন' কাব্যের 'শিকার' কবিতায় বিপন্ন সভ্যতার যে রূপচিত্র প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও।

২১। 'বনলতা সেন' কাব্যের কবিতাগুলিতে প্রকাশিত জীবনানন্দের প্রকৃতি চেতনার সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বীরাঙ্গনা কাব্যের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

২৩। 'বলাকা' কাব্যের ১ সংখ্যক 'সবুজের অভিযান কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের যৌবন বন্দনার পরিচয় দাও।

২৪। 'বনলতা সেন' কাব্যের নাম-কবিতা অবলম্বনে জীবনানন্দের প্রেম চেতনার পরিচয় দাও।

২৫। 'বলাকা' কাব্যের '৩৭ সংখ্যক' কবিতায় সভ্যতার সংকট ও সংকট মুক্তির যে প্রতিচ্ছবি ও প্রেরণা প্রকাশিত হয়েছে তার পরিচয় তুলে ধরো।

---